বোয়ালমারী ইউসিসিএ লিঃ
বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং-০১/২০২২

তারিখ ঃ ২২-০৩-২০২২খ্রিঃ।

## নির্বাচনী তফসিল - ২০২২

জেলা সমবায় অফিসার,ফরিদপুর মহোদয়ের স্মারক নং-৩০৮(৭) তারিখ-২৮/০২/২২ ইং মুলে ক্ষমতা প্রাপ্ত হয়ে এতদ্বারা বোয়ালমারী ইউসিসিত্র লিঃ এর সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ১৫-০২-২০২২ইং তারিখের সভার সিদ্বান্ত মোতাবেক আগামী ২৮-০৪-২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত বোয়ালমারী ইউসিসিত্র লিঃ এর প্রশিক্ষণ মিলনায়তন কক্ষে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২২ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সমবায় সমিতি আইন - ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) এর ১৮(২) ধারা মোতাবেক বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর সমগ্র নির্বাচনী এলাকা হতে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, এবং ০৬ টি নির্বাচনী এলাকা হতে ০৬ (ছয়) জন সদস্য সমিতির সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। নির্বাচন কমিটির ২২-০৩-২০২২ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী সমবায় সমিতি বিধিমালা - ২০০৪ এর ২৭ বিধিমোতাবেক বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন- ২০২২ আগামী ২৮-০৪-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত তফসিল ঘোষনা করা হলঃ

| ক্রঃ নং | কর্মসূচি | কর্তৃপক্ষ/ স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র প্রাপ্তি/ বিতরণ | নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর অফিস কক্ষ | ২৭-০৩-২২ খ্রিঃ ও ২৮-০৩-২২ | সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত |
| ০২ | মনোনয়ন পত্র দাখিল/ গ্রহণ | নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর অফিস কক্ষ | ৩১-০৩-২২ খ্রিঃ | সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত |
| ০৩ | মনোনয়ন পত্র বাছাই এবং বৈধ ও বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর অফিস কক্ষ | ০৩-০৪-২২ খ্রিঃ | দুপুর ২:০০ টা হতে |
| ০৪ | প্রাথমিক খসড়া তালিকার বৈধ ও বাতিলকৃত মনোনয়ন পত্রের বিষয়ে কোন প্রার্থীর আপত্তি থাকলে, যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,ঢাকা বিভাগ,ঢাকা মহোদয়ের নিকট আপীল আবেদন দাখিল (সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৯(১) বিধিমতে) | যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,ঢাকা বিভাগ,ঢাকা আগারগাঁও সিভিক সেন্টার, শেরেবাংলা নগর ,ঢাকা-১২০৭। | ০৬-০৪-২২ খ্রিঃ ও ০৭-০৪-২২ খ্রিঃ | অফিস চলাকালীন সময় |
| ০৫ | আপীল আবেদনের উপর শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান (সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৯(১) বিধিমতে) | যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,ঢাকা বিভাগ,ঢাকা আগারগাঁও সিভিক সেন্টার, শেরেবাংলা নগর ,ঢাকা-১২০৭। | ১০-০৪-২২ খ্রিঃ ১১-০৪-২২ খ্রিঃ ও ১২-০৪-২২ খ্রিঃ | অফিস চলাকালীন সময় |
| ০৬ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ | নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর অফিস কক্ষ | ১৩-০৪-২২ খ্রিঃ | দুপুর ১২:০০ টা হতে |
| ০৭ | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের প্রেক্ষিতে) | নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর অফিস কক্ষ | ১৭-০৪-২২ খ্রিঃ | সকাল ১০:০০ টা হতে দুপুর ১২:০০ টা পর্যন্ত |
| ০৮ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ এবং প্রতিদ্বন্দ্বী বৈধ প্রার্থীর মধ্যে প্রতিক বরাদ্দ | নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর অফিস কক্ষ | ১৭-০৪-২২ খ্রিঃ | দুপুর ০১:০০টা হতে ২:০০ টা পর্যন্ত। |
| ০৯ | ভোট গ্রহণ | নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর প্রশিক্ষণ মিলনায়তন কক্ষ | ২৮-০৪-২২ খ্রিঃ | সকাল ১০:০০ টা হতে বিকাল ২:০০ টা পর্যন্ত (বিরতিহীন) |
| ১০ | ভোট গননা ও নির্বাচনী ফলাফল ঘোষনা। | ঐ | ২৮-০৪-২২ খ্রিঃ | ভোট গ্রহণ সমাপ্তির পর |

(মোঃ নজরুল ইসলাম )
সদস্য,
নির্বাচন কমিটি
বোয়ালমারী ইউসিসি এ লিঃ

(মোঃ আশিকুর রহমান)
সদস্য
নির্বাচন কমিটি
বোয়ালমারী ইউসিসি এ লিঃ

( মোহাম্মদ [illegible] ইসলাম)
সভাপতি
নির্বাচন কমিটি
বোয়ালমারী ইউসিসি এ লিঃ

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ

(ক) সভাপতি পদের জন্য ঃ চেয়ার, ছাতা, আনারস , মোরগ ,গরুরগাড়ি, ফুটবল , মোটর সাইকেল ।

(খ) সহ সভাপতি পদের জন্য ঃ মই, আম, মাছ , গোলাপফুল ।

(গ) সদস্য পদের জন্য ঃ কুড়াল, রিক্সা , মোমবাতি, বই, চাকা, হাতি, ঘোড়া, টেবিল, হরিণ, কলস, ঘড়ি, বাইসাইকেল, তালাচাবি।

নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য ঃ

০১। বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর ২৮-০৪-২০২২ ইং তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দিতা করার জন্য সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিনিধিদের ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্বান্তের অনুলিপি এবং প্রতিনিধিদের পাসপোট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি কর্তৃক সত্যায়িত হতে হবে এবং উপজেলা/ জেলা সমবায় অফিসার কর্তৃক উহা প্রতিস্বাক্ষরিত হতে হবে। উল্লেখ্য যে, সভাপতি, সহ-সভাপতি, পদে সমগ্র এলাকার ভোটে এবংসদস্য স্ব-স্ব এলাকার ভোটে নির্বাচিত হবেন।

০২। বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক ব্যক্তি যে পদের জন্য প্রার্থী হতে চান সে পদ উল্লেখ করেআবেদনের মাধ্যমে নির্বাচন কমিটির নিকট হতে মনোনয়ন পত্র (ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে) সংগ্রহ করতে হবে।

০৩। সমিতি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত বা প্রতিনিধির নিকট নির্ধারিত ছকে পরিচয় পত্র থাকতে হবে। পরিচয় পত্র সংশ্লিষ্ট সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। উহাতে সমিতির সিল মোহর অবশ্যই থাকতে হবে।

০৪। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়ন পত্র ব্যতীত অন্য কোন প্রকারের মনোনয়ন পত্র বা উহার ফটোকপি গ্রহণ যোগ্য হবে না।

০৫। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রার্থীকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২,২০১৩) এর ১৮ (৮) ও১৯ (১) ধারএবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

০৬। প্রার্থীর পাসপোর্ট সাইজের ছবি এবং আইডি কার্ড অথবা জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত) এবং ব্যবস্থাপনা কমিটির কর্তৃক নির্ধারিত ফি প্রদানের রশিদ মনোনয়ন পত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

০৭। মনোনয়নপত্র নির্ভুলভাবে পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী নিজে কিংবা লিখিতভাবে ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। প্রার্থীর স্বাক্ষর সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত হতে হবে এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাক যোগে প্রেরিত বা অন্য কোন পদ্ধতিতে প্রেরিত মনোনয়ন পত্র গ্রহণ যোগ্য হবে না।

০৮। একই সমিতি/প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকা বহির্ভুত নির্বাচনী এলাকা হতে ব্যস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দিতা করতে পারবেন না।

০৯। প্রতিদ্বন্দি প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন।

১০। অসম্পূর্ণ, ঘষা মাজা, ফ্লুইড দেয়া, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

১১। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ , ২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৮৮বিধি মোতাবেক সদস্যের যোগ্যতা থাকতে হবে। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তভুক্ত ব্যতীত কোন সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশ গ্রহন বা ভোট প্রদান করতে পারিবেন না। অবসায়নে ন্যাস্ত বা নিবন্ধন বাতিলকৃত কোন সমিতির প্রতিনিধি নির্বাচন বা ভোট দানে অংশ গ্রহণ করতে পারবেন না।

১২। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২,২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি এবং সমিতির উপ-আইনের বিধান অনুসরণ পূর্বক নির্বাচন পরিচালনা করা হবে।

১৩। বোয়ালমারী ইউসিসিএ লিঃ এর উক্ত নির্বাচনে অত্র ইউসিসিএলিঃ এর কোন কর্মকর্তা/কর্মচারী কোন প্রার্থীর পক্ষে নির্বাচনী প্রচারনায় অংশ গ্রহন করিতে পারিবে না।

১৪। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ নজরুল ইসলাম)
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
বোয়ালমারী,ফরিদপুর
ও
সদস্য
নির্বাচন কমিটি
বোয়ালমারী ইউসিসিএ লিঃ।

(মোঃ আশিকুর রহমান)
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
বোয়ালমারী,ফরিদপুর
ও
সদস্য,
নির্বাচন কমিটি
বোয়ালমারী ইউসিসিএ লিঃ।

22/04/2022
( মোহাম্মদ নুরুল ইসলাম)
সহকারী পল্লী উন্নয়ন অফিসার
বিআরডিবি, বোয়ালমারী, ফরিদপুর
ও
সভাপতি,
নির্বাচন কমিটি
বোয়ালমারী ইউসিসিএ লিঃ।

E:\ELECTION\ucca nibachon.docabc

স্মারক নং-০১/২০২২

তারিখ ঃ ২২-০৩-২০২২খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

- সভাপতি, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, বোয়ালমারী ইউসিসিএ লিঃ। (তাঁকে সকল সদস্য সমিতিকে নির্বাচনী তফসীলটি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
- জনাব.....................................সদস্য নির্বাচন কমিটি,বোয়ালমারী ইউসিসিএ লিঃ। তাঁকে ঘোষিত তফশীল অনুযায়ী নির্ধারিত তারিখ, সময় ও স্থানে উপস্থিত থেকে নির্বাচনের দায়িত্ব যথাযথ ভাবে পালনের জন্য অনুরোধ করা হলো।
- উপজেলা সমবায় অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
- সচিব ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি,বোয়ালমারী,ফরিদপুর। তাঁকে ঘোষিত তফসীলটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- উপজেলা নির্বাচন অফিসার,বোয়ালমারী,ফরিদপুর।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী থানা,ফরিদপুর
- উপ-পরিচালক,বিআরডিবি,ফরিদপুর।
- জেলা সমবায় অফিসার,ফরিদপুর।
- উপজেলা নির্বাহী অফিসার,বোয়ালমারী,ফরিদপুর।
- চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোয়ালমারী, ফরিদপুর।
- যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,ঢাকা বিভাগ,ঢাকা।
- সমিতির নোটিশ বোর্ড/ অফিস নথি।

22/03/2022

( মোহাম্মদ নুরুল ইসলাম)
সহকারী পল্লী উন্নয়ন অফিসার
বিআরডিবি, বোয়ালমারী, ফরিদপুর
ও
সভাপতি,
নির্বাচন কমিটি
বোয়ালমারী ইউসিসিএ লিঃ।